

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৫, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই ডিসেম্বর ২০০২/৩০শে অগ্রহায়ণ ১৪০৯

এস,আর,ও নং ৩৪৫-আইন/২০০২—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ২৮৭-আইন/২০০২, তারিখ, ১৯ অক্টোবর, ২০০২ ইংরেজী মোতাবেক ৪ কার্তিক, ১৪০৯ বাংলা দ্বারা নিম্নতফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য রাজশাহী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

(৫০৭৩)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা রাজশাহী জেলার পবা উপজেলাধীন নিম্নতফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১লা পৌষ, ১৪০৯ বাংলা মোতাবেক ১৫ই ডিসেম্বর, ২০০২ ইংরেজী তারিখ হইতে মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি কাটাখালী মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে.এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	হরিয়ান	মাসকাটাদীঘি	১৯০	১-৮২২
(২)	হরিয়ান	সমসাদিপুর	১৯১	১-৫৬৫, ৮০১-১৫০২
(৩)	হরিয়ান	এমাদপুর	১৯২	১-১৩৯২
(৪)	হরিয়ান	বাখরাবাদ	১৫১	১-৪৯০
(৫)	হরিয়ান	শ্যামপুর	১৪৯	১-২৫৮৩
(৬)	হরিয়ান	কাপাসিয়া	১৯৪	১-১০৪২, ১৫০১-২৬৫০

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফজলুল হক

যুগ্ম-সচিব (উঃ)।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।